

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৪০

পর্ব - ৮ঃ বিবাহ (১যাب النكاح)

পরিচ্ছেদঃ ৪. ওয়ালিমাহ - ওয়ালিমার দাওয়াত কবুল করার বিধান

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم: «شَرُّ الطَّعَامِ طَعَامُ الْوَلِيمَةِ: يُمْنَعُهَا مَنْ يَأْتِيهَا, وَيُدْعَى إِلَيْهَا مَنْ يَأْبَاهَا, وَمَنْ لَمْ يُجِبِ الدَّعْوَةَ فَقَدْ عَصىَى اللَّهَ وَرَسُولَهُ». أَخْرَجَهُ مُسْلِمٌ

صحیح. رواه مسلم (1432) (110) قلت: ورواه البخاري (5177)، ومسلم (14532) (107) بنحوه، ولكن موقوفا على أبي هريرة، وله حكم الرفع كما ذكر ذلك الحافظ في «الفتح» (9/ 244)

বাংলা

১০৪০। আবৃ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-ওয়ালিমাহর ঐ খানা মন্দ খানা যার আগমনকারীকে নিষেধ করা হয়। আর অস্বীকারকারীকে আহবান করা হয়। আর যে ব্যক্তি ওয়ালিমাহর দাওয়াত গ্রহণ করে না সে আল্লাহ ও তদীয় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাফরমানী করে।[1]

ফুটনোট

[1] বুখারী ৫১৭৭, মুসলিম ১৪৩২, আর দাউদ ৩৭৪২, ইবনু মাজাহ ১৯১৩, আহমাদ ৭৫৬৯, ৯০০৮, ১০০৪০, মালেক ১১৬০, দারেমী ২০৬৬। ইমাম সনআনী সুবুলুস সালাম ৩/২৪৭ গ্রন্থে বলেন, ইবনু উসাইমীন বুলুগুল মারামের শরাহু ৪/৬০৯ গ্রন্থে বলেন, এর সানাদের ব্যাপারে কিছু কথা আছে। ইবনুল কাত্তান তাঁর আল ওয়াহম ওয়াল ঈহাম ৩/১২১ গ্রন্থে বলেন, এর সানাদে যিয়াদ বিন আবদুল্লাহ ও আত্মা ইবনুস সায়িব বর্ণনাকারীদ্বয় হচ্ছে



মুখতালিত্ব (এলোমেলো বর্ণনাকারী)। শাইখ আলবানী যঈফ তিরমিয়ী ১০৯৭, যঈফ আল জামে ৩৬১৬ গ্রন্থরে একে দুর্বল বলেছেন। ইমাম সুয়ুত্ব আল জামেউস সগীর ৫২৬০ গ্রন্থে একে সহীহ বলেছেন, আবদুর রহমান মুবারকপুরী তুহফাতুল আহওয়ায়ী ৩/৫৫১ গ্রন্থে বলেন, এর অনেক শাহেদ থাকায় বোঝা যাচ্ছে হাদীসটির মূল ভিত্তি রয়েছে। বিন বায হাশিয়া বুলুগুল মারাম ৬০০ গ্রন্থে বলেন, এর সানাদ দুর্বল আর এর শাহেদ হাদীসগুলোও দুর্বল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন